

আপডেট : ১৭ মার্চ, ২০২১ ১৫:০৪

বারিতে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও শিশু দিবস উপলক্ষে নানা আয়োজন

গাজীপুর প্রতিনিধি:



যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে স্বাস্থ্যবিধি মেনে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) বুধবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং জাতীয় শিশু দিবস-উদযাপিত হয়েছে।

দিনের কর্মসূচির মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণ, কেক কেটে বেলুন ও পায়রা উড়িয়ে দিনের কর্মসূচীর উদ্বোধন, আনন্দ র্যালি, শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও বঙ্গবন্ধুর জীবনভিত্তিক বক্তৃতা প্রতিযোগিতা, বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও দেশের গান নিয়ে কবিতা আবৃত্তি, সাংস্কৃতিক ও আলোচনা অনুষ্ঠান, বিশেষ মোনাজাত/প্রার্থনা এবং আলোকসজ্জা।

বুধবার সূর্যোদয়ের সাথে সাথে বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম অন্যান্য পরিচালকবৃন্দকে সাথে নিয়ে জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচীর সূচনা করেন। এ সময় আনসার সদস্যদের পক্ষ থেকে গার্ড অব অনার প্রদান করা হয়। এরপর মহাপরিচালক বারি'র প্রধান কার্যালয়ের সামনে ১০০ পাউন্ডের কেক কেটে বেলুন ও পায়রা উড়িয়ে দিনের কর্মসূচির শুভ উদ্বোধন করেন। পরে বারি'র মহাপরিচালকের নেতৃত্বে ইনস্টিটিউটের সকল স্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকবৃন্দকে সাথে নিয়ে একটি আনন্দ র্যালী বের করা হয়। আনন্দ র্যালীটি বারি'র প্রধান প্রধান রাস্তা প্রদক্ষিণ করে।

পরে ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে কবিতা আবৃত্তি, সাংস্কৃতিক ও আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. এস. এম. শরিফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. মো. নাজিরুল ইসলাম। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. মো. কামরুল হাসান, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মুহাম্মদ সামসুল আলম, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. রীনা রানী সাহা, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. কবিতা আনজু-মান-আরা।

দিবসটি পালন উপলক্ষে সন্ধ্যায় বারি প্রধান কার্যালয়ে মনোমুগ্ধকর আলোকসজ্জা করা হয়।

